গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
প্রোগ্রামার: আইসিটি শাখা
www.eedmoe.gov.bd
শিক্ষা ভবন (দ্বিতীয় ব্লক) নবাব আব্দুল গনি রোড, ঢাকা।

**বিষয়: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ৪র্থ কোয়ার্টারের (এপ্রিল'২০২৩-জুন'২০২৩) বাস্তবায়নের লক্ষ্যে ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | সমীর কুমার রজক দাস<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী |
| সভার তারিখ | ০৩ মে ২০২৩ |
| সভার সময় | বিকাল ৩:৩০ মিনিট |
| স্থান | সভাকক্ষ, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক'। |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে কার্যসূচি অনুযায়ী আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য প্রোগ্রামার জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ-কে অনুরোধ জানান। সভায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নের লক্ষ্যে কার্যক্রমসমূহ বাস্তবায়ন সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | [১.১] সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | সভায় অবহিত করা হয় যে, সেবা সহজীকরণের লক্ষ্যে 'অনলাইন ঠিকাদার তালিকাভুক্তি' সেবাটি এটুআই কর্তৃক নির্বাচিত করা রয়েছে। এই সেবাটি ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা অনুযায়ী ০৪/০৫/২০২৩ তারিখের মধ্যে বাস্তবায়ন করা প্রয়োজন। বিষয়টি ইতোমধ্যে সহকারী প্রকৌশলী জনাব মোঃ ইমরান হোসাইন খান প্রধান প্রকৌশলীর নিকট উত্থাপন করেছেন। | 'অনলাইন ঠিকাদার তালিকাভুক্তি' সেবাটি বাস্তবায়নের পদক্ষেপ নিতে হবে। | ১. জনাব আসাদুজ্জামান, উপপরিচালক (প্রশাসন)<br>২. জনাব আবু ছায়িদ চৌধুরী, উপপরিচালক (অর্থ)<br>৩. জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ, প্রোগ্রামার, আইসিটি শাখা<br>৪. জনাব ইমরান হোসাইন খান, সহকারী প্রকৌশলী |
| | | | | |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | [১.২] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুত করা এবং সেবাসমূহ চালু রাখা | ইতঃপূর্বে বাস্তবায়িত ডিজিটাইজড সেবা হিসেবে পার্সোনাল ইনফর্মেশন ম্যানেজমেন্ট সিস্টেম (PIMS) প্রস্তুত করা হয়েছে। এই সিস্টেম হতে সর্বোচ্চ সুফল পেতে এতে কিছু মডিফিকেশন করা হয়েছে।<br>প্রধান কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীগণের তথ্য পদভিত্তিক যাচাই করে সংশোধন, সংযোজন ও বিয়োজন করে চূড়ান্ত করা হয়েছে।<br>ইতঃপূর্বে বাস্তবায়িত শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন “শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ডাটাবেজ উন্নয়ন উপাত্ত” এবং “উন্নয়ন প্রকল্পের অগ্রগতির প্রতিবেদন অনলাইনে আপলোড করণ” সেবা দুইটি কার্যকর করার লক্ষ্যে মাঠ পর্যায়ের কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। | ( ১) PIMS-এ মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণের প্রোফাইলের তথ্য নিয়মিত আপডেট করতে হবে।<br>(২) “শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ডাটাবেজ উন্নয়ন উপাত্ত” এবং “উন্নয়ন প্রকল্পের অগ্রগতির প্রতিবেদন অনলাইনে আপলোড করণ” বাস্তবায়নের জন্য মাঠ পর্যায়ের সকল কার্যালয়ের কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করতে হবে। | ১. জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ, প্রোগ্রামার, আইসিটি শাখা<br>২. জনাব রতীশ চন্দ্র সেন, সহকারী প্রকৌশলী<br>৩. জনাব মো. আমিনুল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা |
| | [ ১.৩] ডি-নথির ব্যবহার বৃদ্ধি | সভায় জানানো হয়, এটুআই কর্তৃক প্রধান কার্যালয়ের ই-নথি সিস্টেমকে ডি-নথি সিস্টেমে রূপান্তর করা হয়েছে। মাঠ পর্যায়ের ৯টি সার্কেল অফিসে শতভাগ ডি-নথি সিস্টেমে দাপ্তরিক কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। এ সকল অফিসের কর্মকর্তা-কর্মচারীগণকে প্রশিক্ষণ প্রদান করার জন্য ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। | ডি-নথি সিস্টেমে দাপ্তরিক কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে প্রধান কার্যালয় ও সার্কেল অফিসের কর্মকর্তা-কর্মচারীগণের জন্য প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | ১. জনাব আসাদুজ্জামান, উপপরিচালক (প্রশাসন)<br>২. জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ, প্রোগ্রামার, আইসিটি শাখা |
| | [১.৪] ৪র্থ শিল্প বিল্পবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/ কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজন | সভায় জানানো হয়, ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী ২টি কর্মশালা আয়োজন করতে হবে। ইতোমধ্যে মাঠ পর্যায়ের কর্মচারীদের অংশগ্রহণে ২টি কর্মশালা আয়োজিত হয়েছে। | কর্মশালার প্রমাণক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ১. জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ, প্রোগ্রামার, আইসিটি শাখা |
| ২ | [২.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করা হচ্ছে মর্মে সভায় অবহিত করা হয়। মাঠ-পর্যায়ের ওয়েবসাইট নিয়মিত আপডেটেড রাখার বিষয়ে মনিটরিং করার জন্য সহকারী প্রকৌশলী মোছা: ফারজানা ইয়াসমিনকে দায়িত্ব প্রদান করা হয়েছে। তিনি মাঠ-পর্যায়ের অফিসসমূহের সাথে এ বিষয়ে কাজ করছেন। মাঠ পর্যায়ের সার্কেল ও জেলা অফিসের ওয়েবসাইটসমূহ নিয়মিত হালনাগাদ করার জন্য পত্র প্রদান করা হয়েছে। | মাঠ-পর্যায়ের ওয়েবসাইট নিয়মিত আপডেটেড রাখার বিষয়ে সহকারী প্রকৌশলী মোছা: ফারজানা ইয়াসমিন মনিটরিং করবেন। | ১. মোছা: ফারজানা ইয়াসমিন, সহকারী প্রকৌশলী |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | [২.২] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | সভায় জানানো হয়, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নের জন্য প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ৪টি প্রশিক্ষণ আয়োজন করতে হবে। ইতোমধ্যে একটি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। ৪র্থ ত্রৈমাসিকে ৩টি প্রশিক্ষণ করার বিষয়ে আলোচনা হয়।<br>সভায় সকলকে অবহিত করা হয় যে, ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনার স্ব মূল্যায়ন প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করা হয়েছে। আগামী অর্ধ-বার্ষিক প্রতিবেদন নির্ধারিত সময়ে প্রেরণ করার বিষয়ে আশাবাদ ব্যক্ত করা হয়। | ৪র্থ ত্রৈমাসিকে ৩টি প্রশিক্ষণ আগামী ৩০/০৫/২০২৩ তারিখের মধ্যে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. জনাব আসাদুজ্জামান, উপপরিচালক (প্রশাসন)<br>২. জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ, প্রোগ্রামার, আইসিটি শাখা |

২.০ আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১১-০৫-২০২৩
সমীর কুমার রজক দাস
তত্ত্বাবধায়ক প্রকৌশলী

**নম্বর:** ৩৭.০৭.০০০০.০১৯.৩২.০০২.২২.৮৪

তারিখ: ২৮ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
১১ মে ২০২৩ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব , প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;
২। অতিরিক্ত সচিব , উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;
৩। সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;
৪। উপসচিব , বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রধান কার্যালয়/সার্কেল…………, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
৬। উপপরিচালক (প্রশাসন), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
৭। নির্বাহী প্রকৌশলী (পুর): ডেস্ক- ১/২/৩/৪, ডিজাইন/বিদ্যুৎ/জেলা………., শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
৮। প্রোগ্রামার, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৯। উপপরিচালক, অর্থ (অতিরিক্ত দায়িত্ব), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
১০। সহকারী প্রকৌশলী: পুর/ডিজাইন/বিদ্যুৎ/যান্ত্রিক, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
১১। প্রধান প্রকৌশলীর স্টাফ অফিসার, প্রধান প্রকৌশলী-এর দপ্তর, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
১২। হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
১৩। উপসহকারী প্রকৌশলী: পুর/যান্ত্রিক/বিদ্যুৎ, উপসহকারী স্থপতি/ড্রাফটসম্যান, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
১৪। প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
১৫। সহকারী প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
১৬। পিএ টু প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী-এর দপ্তর, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (প্রধান প্রকৌশলীর মহোদয়ের জ্ঞাতার্থে) এবং
১৭। পিএ টু পরিচালক (প্রশাসন ও অর্থ), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (পরিচালক মহোদয়ের জ্ঞাতার্থে)।

১১-০৫-২০২৩
ইফতেখার উদ্দিন আহাম্মদ
প্রোগ্রামার